# Times Today BD

এম এস রহমান | দেশজুড়ে | 14 June, 2025

অতিরিক্ত তাপদাহে শ্রমজীবী সাধারণ মানুষের মাঝে শুকনো খাবার ও সুপেয় পানি বিতরণ করেছে বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্র সংসদ পাবনা জেলা শাখা।

শনিবার (১৪জুন) দুপুরে পাবনা শহরের শহীদ চত্বর এলাকায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন পাবনা শাখার যুগ্ন আহ্বায়ক ফজলে রাব্বি রুহানের নেতৃত্বে এসব বিতরণ করা হয়।

এ সময় আরো উপস্থিত ছিলেন, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন পাবনা শাখার যুগ্ম সদস্য সচিব শাওন হোসেন, সাংগঠনিক সম্পাদক আসিফ আহমেদ, রাতুল, সৌরভ, রহমত উল্লাহ, সাদ প্রমুখ।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন পাবনা শাখার যুগ্ন আহ্বায়ক ফজলে রাব্বি রুহান বলেন, আমরা বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্র সংসদ সাধারণ মানুষের পাশে ছাত্র বন্ধু হিসেবে সবসময় আছি।কেন্দ্রীয় নির্দেশনা অনুযায়ী আমরা এই তীব্র গরমে মানুষের কষ্ট দূর করতে বা হিট স্ট্রোক রোধে আমরা সাধারণ শ্রমজীবি মানুষের পাশে এসেছি শরবত ও শুকনো খাবার নিয়ে।সেইসাথে আমরা তাদের পরামর্শ দিচ্ছি কিভাবে তীব্র গরম ও হিট স্ট্রোক থেকে রক্ষা পাবেন।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 21:16

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/839793392